

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৩/২০১৬

অভিযোগকারী :	(১) বিপ্লব কর্মকার পিতা-সুভাষ কর্মকার (২) শ্রীধাম কর্মকার পিতা-সঞ্জু কর্মকার গ্রাম+পোস্ট-বিপুলাসার, থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা। (৩) জনাব মুহাম্মাদ সাক্বির হোসাইন পিতা-মুহাম্মাদ জাকির হোসাইন প্রযত্নে-শওকত বাঙ্গালী ০৭ বঙ্গবন্ধু ভবন ০৮ মোমিন রোড, চট্টগ্রাম।	প্রতিপক্ষ :	জনাব আতিক রসুল টিপু সমাজ কল্যাণ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
--------------	---	-------------	--

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ২৯-০৫-২০১৬ ইং)

অভিযোগকারীগণ ২৭-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব আতিক রসুল টিপু, সমাজ কল্যাণ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) চট্টগ্রাম শহরের সড়কসমূহের নামকরণের যথাযথ কর্তৃপক্ষের নাম কি?
- খ) চট্টগ্রাম শহরের সড়কের নাম পরিবর্তনের ক্ষমতা উক্ত কর্তৃপক্ষের আছে কি না?
- গ) চকবাজারের জয়নগর থেকে প্রবর্তক পর্যন্ত সড়কের নাম কি?
- ঘ) যে ব্যক্তির নামে এই সড়ক তার সংক্ষিপ্ত পরিচিতি।
- ঙ) উক্ত ব্যক্তি স্বাধীনতা যুদ্ধের বিরোধিতা করেছিল কি না?
- চ) বাংলাদেশের সকল স্থানে স্বাধীনতা যুদ্ধের বিরোধীতাকারীদের নামে সড়ক ও স্থাপনার নাম পরিবর্তন করার জন্য হাইকোর্টের রায়ের প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রদ্ধাশীল কিনা না?
- ছ) যদি হাইকোর্টের রায়ের প্রতি চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রদ্ধাশীল থাকে তাহলে উক্ত নাম কত দিনের মধ্যে পরিবর্তন করবে?
- জ) নতুন চন্দ্র সিংহ, রমা চৌধুরী, শেখ মোজাফফর আহমদ বা শেখ আলমগীরের নামে এই সড়কের নতুন নামকরণ হতে পারে কি না ?

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০২-০২-২০১৬ তারিখে মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম ও আপীল কর্তৃপক্ষ, সমাজ কল্যাণ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০২-২০১৬ তারিখে ই-মেইলে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

- ৩। ১০-০৪-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
- ৪। ০৪-০৫-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী হাজির কিন্তু প্রতিপক্ষ সময়ের আবেদন করে গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ২৯-০৫-২০১৬ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রতি সমন জারী করা হয়। অদ্য ২৯-০৫-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তিনি অভিযোগ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যথাযথ সময়ে চাহিত তথ্য প্রদান করেন নি বিধায় সংক্ষুব্ধ হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উপযুক্ত শাস্তি দাবী করেন।
- ৬। প্রতিপক্ষ জনাব আতিক রসুল টিপু, সমাজ কল্যাণ অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম, তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নন। অভিযোগকারী অজ্ঞতাবশত বা ভুলক্রমে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর তথ্য প্রাপ্তির আবেদন না করায় অত্র দপ্তর থেকে চাহিত তথ্য সরবরাহ করা সম্ভব নয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর তথ্য প্রাপ্তির আবেদন করার মাধ্যমে অভিযোগকারী তার প্রার্থিত তথ্য পেতে পারেন মর্মে তিনি কমিশনকে অবহিত করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে প্রার্থনা করেন।

### পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারী কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবর তথ্য প্রাপ্তির আবেদন না করায় এবং যথাযথ আপীল কর্তৃপক্ষ বরাবর আপীল আবেদন না করায় চাহিত তথ্য সরবরাহ করা সম্ভব হয় নি বিধায় অভিযোগটি খারিজযোগ্য মর্মে প্রতীয়মান হয়। তবে অভিযোগকারী নতুন করে যথাযথ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদন করতে পারবেন।

### সিদ্ধান্ত।

অভিযোগকারীর প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহ করার নিমিত্তে যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করার আইনানুগ বাধ্যবাধকতা থাকায় অভিযোগকারীকে বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবর তথ্য প্রাপ্তির আবেদন করার এবং প্রয়োজনীয় ক্ষেত্রে যথাযথ আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করার নির্দেশনা প্রদান করে অভিযোগটি খারিজ করা হলো এবং জনাব আতিক রসুল টিপু, সমাজ কল্যাণ অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম অভিযোগের দায় হতে অব্যাহতি দেওয়া হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার